

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫১৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬১. (ইস্তিগফার) ক্ষমা প্রার্থনা সম্পর্কে

باب فِي الاسْتِغْفَارِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، ح وَحَدَّثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، _ الْمَعْنَى _ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صِهُهَيْبٍ، قَالَ سَأَلَ قَتَادَةُ أَنسًا أَيُّ دَعْوَةٍ كَانَ يَدْعُو بِهَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَكْثَرُ؟ قَالَ : كَانَ أَكْثَرُ دَعْوَةٍ يَدْعُو بِهَا " اللَّهُمَّ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ". وَزَادَ زِيَادٌ وَكَانَ أَنسٌ إِذَا أَرَادَ أَن يَدْعُو بِهَا بِهَا فِيها.

_ صحيح : ق

বাংলা

১৫১৯। 'আবদুল 'আযীয ইবনু সুহাইব (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা ক্বাতাদাহ (রহঃ) আনাস (রাঃ)-কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় কোন দু'আ পাঠ করতেন তা জিজ্ঞেস করলে তিনি বলেন, তিনি অধিকাংশ সময় এ দু'আ পাঠ করতেনঃ ''আল্লাহুম্মা আতিনা ফিন্দুনয়া হাসানাতাও ওয়া ফিল আখিরাতি হাসানাতাও ওয়াকিনা 'আযাবান নারি।'' যিয়াদের বর্ণনায় এটাও রয়েছে যে, আনাস (রাঃ) কেবল একটি দু'আ দিয়ে মুনাজাতের ইচ্ছা করলে এটিই পাঠ করতেন, আর একাধিক দু'আ পড়তে চাইলেও তাতে এ দু'আ শামিল করতেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Oatadah asked Anas:

Which Supplication would the Prophet (ﷺ) often make? He replied: The



supplication he would usually recite was: "O Allah, give us in this world what is good and in the next what is good, and protect us from the punishment of Hell-fire".

The version of Ziyad adds: When Anas wished to supplicate, he uttered this supplication. When he uttered some other supplication, he combined it with this supplication.

ফুটনোট

[1] বুখারাী (অধ্যায় : দা'ওয়াত, অনুঃ নাবী সাঃ-এর এরূপ বলা- রববানা আ-তিনা, হাঃ ৬৩৮৯), মুসলিম (অধ্যায় : যিকর ও দু'আ, অনুঃ আল্লাহ্মা বলে দু'আ করার ফাযীলাত)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আব্দুল আযীয ইবন সুহায়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন